



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট-এর নৈতিকতা কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: শামীম খান মহাপরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১৫-০১-২০২৪ ইং
সভার সময়	বিকাল ০২:০০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২.০১ আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৩-২০২৪ অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাপতি অত্র অফিসের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা তৃতীয় কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোচনা করেন।

২.২ সভাপতি ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা; কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে অগ্নিনির্বাপন সংক্রান্ত মহড়া; অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট); বাজেট বাস্তবায়ন; অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা; জ্বালানির অপচয় রোধ করার জন্য সচেতনতা বৃদ্ধির জন্য এসএমএস প্রেরণ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির জন্য দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে কর্মশালা আয়োজন করার বিষয়ে আলোচনা করেন।

ফোকাল পয়েন্ট জানান, কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য অফিসের ব্যবহৃত আসবাবপত্র জীবানুনাশক স্প্রে দ্বারা জীবানু মুক্তকরণ; মাস্ক পড়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার উৎসাহিত করা; অফিস প্রাঙ্গণ প্রত্যাহ পরিষ্কারকরণ করা হয়।

পরিশেষে সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০১ সিদ্ধান্তঃ

- ক) কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে অগ্নিনির্বাপন সংক্রান্ত মহড়া আয়োজন করতে হবে।
- খ) জ্বালানির অপচয় রোধ করার জন্য সচেতনতা বৃদ্ধির জন্য এসএমএস প্রেরণ করতে হবে।
- গ) স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির জন্য দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে কর্মশালা আয়োজন করতে হবে।

৪.০১ সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Sham

১৮-০১-২০২৪

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)

৮৩৯১০৭৫

hcu@hcu.org.bd

৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.৩৮

বিতরণ :

১। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।



Sham

২১-০১-২০২৪

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)